

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ এপ্রিল ২০২২

কিছু অসৎ ব্যবসায়ী দ্রব্য মূল্য বৃদ্ধি অপচেষ্টা চালাচ্ছে

-চসিক মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, জাতিসংঘের এক প্রতিবেদনে জানা গেছে বিগত ষাট বছরের ইতিহাসে অল্প সময়ের মধ্যে খাদ্যপণ্যের দাম এর উল্লেখ্য দেখা যায়নি, বৈশ্বিক বাজারে ভোজ্যতেলের সবচেয়ে বড় যোগান আসে রাশিয়া ও ইউক্রেন থেকে এই দুইদেশ যুদ্ধে জড়িয়ে পড়ার কারণে ভোজ্যতেলের আমদানীতে প্রভাব পড়েছে। অন্যদাক চিনি, দুধ, আটা অনেক নিত্যপণ্যের মূল্য পাল্লা দিয়ে বৃদ্ধি পেয়েছে। সেই কারণে বিশ্ব বাজরের সাথে সামঞ্জস্য রেখে দ্রব্য মূল্যের হার কিছুটা বেড়েছে। আমাদের দেশের কিছু সংখ্যক অসৎ ব্যবসায়ী এই সুযোগকে কাজে লাগিয়ে সিডিকেটর মাধ্যমে বাজার নিয়ন্ত্রণ করার অপচেষ্টা চালিয়েছে, আমাদের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণতায় এক কোটি পরিবারকে তালিকা ভুক্তকরে ভুক্তকীদিয়ে খাদ্যসামগ্রী বিতরণ করার ফলে অশুভচক্রের সকল যড়যন্ত্র ভেঙে যেতে বাধ্য হয়। আজ রবিবার সকালে উত্তর কাউন্সিলী ওয়ার্ডের কাউন্সিলর ড.নিছার উদ্দীন আহমেদ মঞ্জুর ব্যক্তিগত উদ্যোগে পবিত্র মাহে রমজান উপলক্ষে নিম্ন আয়ের মানুষেরে মাঝে খাদ্য সামগ্রী বিতরণ কালে প্রধান অতিথির বক্তব্য তিনি একথা বলেন। এতে সভাপতিত্বে করেন ওয়ার্ড কাউন্সিলর ড.নিছার উদ্দীন আহমেদ মঞ্জুর, বক্তব্য রাখেন ওয়ার্ড আওয়ামী গীল নেতা ইকবাল চৌধুরী, হাবীবুর রহমান হাবিব, শফি বাঙ্গলী, আবুল কালম আবু, এইচ.এম আবুল খায়ের প্রমুখ সভা শেষে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী ১৫০০ পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত

রেজাউদ্দিন বাজারে পলিথিন বিরোধী ও বাজার দর তদারকি অভিযান পরিচালনা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে পরিবেশ বাক্ষন নগরী গড়ার লক্ষ্যে রেজাউদ্দিন বাজারে অভিযান পরিচালনাকালে বিভিন্ন দোকান থেকে নিষিদ্ধ ষোষিত পলিথিন ব্যাগ জব্দ করা হয় এবং দোকানদার ও ক্রেতা সাধারণকে পলিথিন ব্যাগ বর্জনের জন্য নির্দেশনা দেওয়া হয়। এই সময় বাজারে নিত্যপণ্যের বাজারদর তদারকি ও মূল্য তালিকা যাচাই করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

মহানগর স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে পাঠানটুলী ওয়ার্ডে খাদ্য বিতরণকালে মেয়র

দ্রব্য মূল্যের অস্থিরতা সৃষ্টিকারীদে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা ব্যবস্থা নিতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, রমজান মাসের শুরু থেকেই কিছু অসাধু ব্যবসায়ীদের কারসাজিতে বাজারে অস্থিরতা সৃষ্টির পায়তারা হচ্ছে। এটা অত্যন্ত দুঃখজনক। যেকানে পৃথিবীর অন্য দেশগুলোতে রমজান ও বিভিন্ন উৎসবের পূর্বে বাজার, বিপনী বিতান সমূহে মূল্য হ্রাস দেয়া হয় এবং জনসাধারণের জন্য নিত্যপণ্য পাওয়া ও সহজলভ্য করা হয়। শুধুমাত্র আমাদের দেশেই এর উল্টোটা দেখা যায়। অথাৎ সিয়াম সাধনার এই পবিত্র মাসে কিভাবে একজন সাধারণ মানুষকে ঠকানো যায়, অসাধু ব্যবসায়ীরা সেই চেষ্টায় করে যান।

এই মহলাটিকে চিহ্নিত করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া প্রয়োজন। তিনি এ বিষয়ে চসিকের ভ্রম্যমান আদালতের কার্যক্রমে আরো জোরদার করে ব্যাপকভাবে বাজার মনিটরিং করা হবে বলে জানান। আজ রোববার বিকেলে পাঠানটুলী দীন মোহাম্মদ কনভেনশন হলে চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক লীগের ব্যবস্থাপনায় স্বেচ্ছাসেবক লীগ সংগঠক মোহাম্মদ জাহেদের উদ্যোগে পবিত্র রমজানের ইফতার সামগ্রি বিতরণের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

মনোয়ার আলী রানা সঞ্চালনায় স্বেচ্ছাসেবক লীগ সংগঠক মোহাম্মদ জাহেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহসভাপতি আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু। বিশেষ অতিথি ছিলেন মহানগর আওয়ামী লীগের তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক বাবু চন্দন ধর, সদস্য হাজী দোস্ত মোহাম্মদ, ওয়ার্ড আওয়ামী লীগের সিনিয়র সহসভাপতি হাজী ইদ্রিছ কাজেমী, চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক লীগ সভাপতি বাবু দেবশীষ নাথ দেবু, সহসভাপতি আবদুর রশিদ লোকমান, সাধারণ সম্পাদক আজিজুর রহমান আজিজ, উত্তর পাঠানটুলী ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক হাজী মো. ইব্রাহীম, শেখ মো. মাহফুজুর রহমান, গোলাম মোহাম্মদ, মো. এহসিন, মোস্তাফিজুর রহমান মিন্টু, শামশুল হক, বিনোধ বিহারী মজুমদার, আশরাফ উদ্দীন শাহীন, মো. হেলাল, এম আকতার, দোলন বৈষ্ণব, জাহেদ হোসেন রনি, সোলয়মান সবুজ প্রমুখ।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩